



নং-শৃং-১/১-৭৯/২০০০- ৫৬

তারিখঃ ২৫ মার্চ-১৪২৭ বঙ্গাব্দ  
০৮.০২.২০২১ খ্রি.

আদেশ

যেহেতু ডা. আবু মনসুর মোঃ নিজাম উদ্দিন খালেদ (৩৯৫৭৭), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (চাকরি হতে অপসারণকৃত) এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ৩ (সি) অনুসারে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২৩.০৪.২০০১ তারিখের শৃং-১/১-৭৯/২০০০/০৮ স্মারকে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু উক্ত বিধিমালা অনুযায়ী বিভাগীয় মামলার যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে অভিযুক্ত কর্মকর্তাকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ১৪.০২.২০০৮ খ্রি. তারিখের শৃং-১/১-৭৯/২০০০-১৯৬ নং আদেশে চাকরি হতে অপসারণ করা হয়;

যেহেতু ডা. আবু মনসুর মোঃ নিজাম উদ্দিন খালেদ চাকরি হতে অপসারণের আদেশের বিরুদ্ধে বিজ্ঞ প্রশাসনিক আপিল ট্রাইব্যুনাল-১, ঢাকা আদালতে ২৫৫/২০০৮ নং এ.টি (Administrative Tribunal) মামলা দায়ের করেন;

যেহেতু উক্ত মামলায় ০৮.১২.২০১৩ খ্রি. তারিখে বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকা অভিযুক্ত কর্মকর্তার চাকরি হতে অপসারণের আদেশকে বেআইনি ঘোষণা করে তাকে চাকরিতে পুনর্বহালের নির্দেশ প্রদান করেন;

যেহেতু উক্ত কর্মকর্তা ০১.০১.২০০০ খ্রি. হতে ২৮.১০.২০০৮ খ্রি. তারিখ পর্যন্ত সময়ের জন্য কোনোরূপ আর্থিক সুবিধা প্রাপ্ত হবেন না মর্মে বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল রায় প্রদান করেন;

যেহেতু সরকারপক্ষ ২৫৫/২০০৮ নং এ.টি মামলার রায়ের বিরুদ্ধে বিজ্ঞ প্রশাসনিক আপিল ট্রাইব্যুনালে ২৬২/১৫ নং এ.এ.টি (Administrative Appeal Tribunal) মামলা দায়ের করেন এবং উক্ত ট্রাইব্যুনালের ১২.১.২০১৬ তারিখের রায়ে আপিলটি খারিজ হয়;


যেহেতু সরকারপক্ষ ২৬২/১৫ নং এ.এ.টি মামলার রায়ের বিরুদ্ধে মাননীয় আপিল বিভাগে ১০৯২/১৬ নং আপিল মামলা (২য় আপিল) দায়ের করেন এবং এ আপিলটিও মাননীয় আপিল বিভাগের ০৩.০৮.২০১৭ খ্রি. তারিখের রায়ে খারিজ হয়ে যায়;

যেহেতু পরবর্তীতে সরকারপক্ষ ১০৯২/১৬ নং (দ্বিতীয়) আপিল মামলার বিরুদ্ধে রিভিউ পিটিশন দায়েরের জন্য বিজ্ঞ সলিসিটরকে অনুরোধ জানায় এবং এর প্রেক্ষিতে রিভিউ দায়ের করা হলে তাতে ফল লাভের সম্ভাবনা ক্ষীণ মর্মে উল্লেখ করে সলিসিটর উইংয়ের ০৬.১১.২০১৮ খ্রি. তারিখের ৬৩৯ নং স্মারকের পত্রে রিভিউ না করার সিদ্ধান্ত জানানো হয়;

সেহেতু বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকার ০৮.১২.২০১৩ খ্রি. তারিখের রায়ের পরিপ্রেক্ষিতে ডা. আবু মনসুর মোঃ নিজাম উদ্দিন খালেদকে তার চাকরি হতে অপসারণের তারিখ ২২.০৩.২০০০ খ্রি. হতে চাকরিতে পুনর্বহাল প্রদান করা হলো। ট্রাইব্যুনালের আদেশ অনুযায়ী ০১.০১.২০০০ খ্রি. হতে ২৮.১০.২০০৮ খ্রি. তারিখ পর্যন্ত সময়ের জন্য তিনি কোন আর্থিক সুবিধা প্রাপ্ত হবেন না।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

  
০৮.০২.২০২১  
(মো. আবদুল মান্নান)  
সচিব

নং-শৃং-১/১-৭৯/২০০০- ৫৬/৩(৩৬)

তারিখঃ ০৬.০২.২০২১ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। যুগ্মসচিব (আইন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা (বিষয়টি উক্ত কর্মকর্তার পিডিএস ও ডাটাবেইজে সংরক্ষণ করার অনুরোধসহ)
- ৫। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা {পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি স্বাস্থ্য সেবা বিভাগের শৃঙ্খলা অধিশাখায় প্রেরণের অনুরোধসহ}
- ৬। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণের অনুরোধসহ)
- ৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৮। চিফ অ্যাকাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১০। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১১। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১২। ডা. আবু মনসুর মোঃ নিজাম উদ্দিন খালেদ (৩৯৫৭৭), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ১৩। অফিস কপি

০৬.০২.২১

(মোঃ শাহাদত হোসেন কবির)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

[disc@hds.gov.bd](mailto:disc@hds.gov.bd)